গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
www.mole.gov.bd

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের জুন, ২০২১ হতে আগস্ট, ২০২১ পর্যন্ত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

**সভাপতি** : **বেগম মন্নুজান সুফিয়ান, এমপি**
প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
**সভার স্থান** : মন্ত্রণালয়ের সভা কক্ষ
**সভার তারিখ** : **২২ সেপ্টেম্বর, ২০২১**
**উপস্থিতি তালিকা** : পরিশিষ্ট 'ক' ।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি দেশব্যাপী মহামারি করোনা পরিস্থিতির উন্নয়নে সন্তুষ্টি ব্যক্ত করে চলমান এডিপিভুক্ত প্রকল্পসমূহ ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সমাপ্ত করতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে গুরুত্বারোপ করেন। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সভায় বলেন যে, প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য গত ২০ সেপ্টেম্বর, ২০২১ তারিখে ০৬ টি প্রকল্পের পিএসসি সভা করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান যে, ২০২১-২২ অর্থ-বছরের এডিপি-তে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় (০৯টি) প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে (০৭টি বিনিয়োগ ও ০২টি কারিগরি সহায়তা প্রকল্প)। প্রকল্প সমূহের অনুকূলে মোট ১৮০৭৩.০০ লক্ষ (জিওবি ১২৩৫০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য ৫৭২৩.৯৯ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। এডিপি বরাদ্দের বিপরীতে আগস্ট, ২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ৮৬৯.৭৭ লক্ষ (জিওবি ৩০৮.৫১ লক্ষ ও প্রকল্প সাহায্য ৫৬১.২৬ লক্ষ) টাকা, যা বরাদ্দের ৪.৮১ % (জিওবি ২.৪৯% ও প্রকল্প সাহায্য ৯.৮০%)। সভায় গত ০৮/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং এতে কারো কোন মন্তব্য বা সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সভায় আলোচ্যসূচি অনুযায়ী দপ্তরভিত্তিক প্রকল্পের তথ্যাবলি উপস্থাপন করেন।

**০২. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়:**

সভায় জানানো হয় যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে ২০২১-২২ অর্থ বছরে ০৩ টি প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। ০১ টি বিনিয়োগ প্রকল্প , প্রকল্প অফিসের মাধ্যমে ও ০২ টি কারিগরি সহায়তা প্রকল্প মন্ত্রণালয়ের আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগের তত্ত্বাবধানে আইএলও কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প সমূহের বিপরীতে ২০২১-২২ অর্থ বছরে মোট ৮৭২৩.০০ লক্ষ টাকা (জিওবি ৩০০০.০০ লক্ষ টাকা এবং কারিগরি সহযোগিতা ৫৭২৩.০০ লক্ষ টাকা) বরাদ্দ রয়েছে। প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।

**২.১ বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প:**

উপসচিব (পরিকল্পনা) সভায় জানান যে, প্রকল্পটি জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পে নিয়মিত প্রকল্প পরিচালক কর্মরত রয়েছেন। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে আগস্ট, ২০২১ পর্যন্ত আর্থিক অগ্রগতি ০.১৫%। প্রকল্পটির আগস্ট, ২০২১ ক্রমপুঞ্জিত ব্যয় ২০৩.২১ লক্ষ টাকা (আর্থিক: ০.৭১%, ভৌত: ৫%)। তিনি জানান গত সভার সিদ্ধান্ত অনুযায়ী শিশুদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা যায়নি এবং জনবল নিয়োগ সংক্রান্ত মামলার অগ্রগতি হয়নি। প্রকল্প পরিচালক এ বিষয়ে সভায় জানান যে, বিধিমোতাবেক প্রকল্পটির সিসিজিপি কর্তৃক ক্রয় অনুমোদন পাওয়া গিয়েছে। দ্রুতই শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা যাবে। জনবল নিয়োগ সংক্রান্ত মামলার বিষয়ে তদারকি করা হচ্ছে । আগামি সভায় এ বিষয়ে অগ্রগতি উপস্থাপন করা হবে। তিনি আরো জানান যে, প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ও অতিরিক্ত অর্থ বরাদ্দসহ গুরুত্বপূর্ণ বিষয়ে গত

পিআইসি এবং পিএসসি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। অনতিবিলম্বে প্রকল্পের কার্যক্রম শুরু করার জন্য এনজিও সমূহের সাথে চুক্তি সম্পন্নের বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**২.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:
ক. প্রকল্পের মূল উদ্দেশ্য পূরণকল্পে দ্রুত শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে;
খ. জনবল নিয়োগ সংক্রান্ত মামলার নিবিড় তদারকি করতে হবে। প্রয়োজনে অন্যদপ্তর হতে জনবল সংযুক্ত করে প্রকল্পকাজ সমাপ্ত করতে হবে;
গ. প্রকল্পের মেয়াদবৃদ্ধি ও অতিরিক্ত অর্থবরাদ্দ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং
ঘ. অনতিবিলম্বে এনজিওসমূহের সাথে চুক্তি সম্পাদন করতে হবে।
**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক ও পরিকল্পনা শাখা।**

**২.২ Promoting Social Dialogue and Harmonious Industrial Relations in the Bangladesh RMG Industry প্রকল্প:**
সভায় জানানো হয়, কারিগরি সহযোগিতা প্রকল্পটি জুলাই ২০১৬ হতে মন্ত্রণালয়ে বাস্তবায়নাধীন আছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬৬০২.০৭ লক্ষ টাকা (পিএ) এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১৯০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে আগস্ট, ২০২১ পর্যন্ত ১১৭.২৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৬.১৭%। প্রকল্পটির আগস্ট, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪৯২৩.২৮ লক্ষ টাকা। যুগ্মসচিব (আইও) প্রকল্পে বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। প্রকল্পের মূল উদ্দেশ্য পোষাক শিল্প সেক্টরে শিল্প সম্পর্ক উন্নয়ন। প্রকল্পটির ৪র্থ Project Advisory Committee (PAC) সভা গত ২১/০৬/২০২১ তারিখে এবং Project Coordination Committee (PCC) এর ৫ম সভা গত ১৪/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য, প্রকল্পটির মেয়াদ বৃদ্ধিসহ সংশোধনের প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। মেয়াদ বৃদ্ধির বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

**২.২.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:
ক. প্রকল্প বাস্তবায়ন ও মনিটরিং কমিটি সমূহের সভা নিয়মিত আয়োজন করতে হবে;
খ. আইএমইডি কর্তৃক নির্ধারিত ছক মোতাবেক স্বাক্ষরিত মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন পরিকল্পনা শাখায় প্রেরণ হবে;
গ. ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্প কাজ সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে;
ঘ. প্রকল্প বাস্তবায়ন অগ্রগতিসহ যাচিত তথ্য উন্নয়ন অনুবিভাগে যথাসময়ে প্রেরণ করতে হবে এবং
ঙ. প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য পরিকল্পনা কমিশনে যোগাযোগ করতে হবে।
**বাস্তবায়ন: আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগ ও আইএলও**

**২.৩ Improving Working Conditions in the RMG Sector– RMGP (Phase -2) প্রকল্প:**
সভায় জানানো হয়, আলোচ্য কারিগরি সহযোগিতা প্রকল্পটি জুলাই ২০১৭ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২০৩৫৮.৩৭ লক্ষ টাকা (পিএ)। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে এডিপি ৩৮২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে আগস্ট, ২০২১ পর্যন্ত ৪৪৩.৯৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ১১.৬১%। প্রকল্পটির আগস্ট, ২০২১ ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৪১৫০.০৭ লক্ষ টাকা। যুগ্মসচিব (আইও) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি জানান প্রকল্পটির মূল উদ্দেশ্য পোষাক শিল্প সেক্টরে শোভন কর্মপরিবেশ নিশ্চিতকরণ। প্রকল্পটির Project Stearing Committee (PSC) এর ৩য় সভা গত ১৫/০৭/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

২.৩.১ **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্প মনিটরিং কমিটি সমূহের সভা নিয়মিত আয়োজন করতে হবে;

খ. আইএমইডি কর্তৃক নির্ধারিত ছক মোতাবেক মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন পরিকল্পনা শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে;

গ. ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং

ঘ. প্রকল্প বাস্তবায়ন অগ্রগতিসহ যাচিত তথ্য উন্নয়ন অনুবিভাগে যথাসময়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নে: আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগ ও আইএলও**

০৩. **শ্রম অধিদপ্তর (ডল):**

সভায় জানানো হয় যে, শ্রম অধিদপ্তরের ২০২১-২২ অর্থ বছরে ০২ টি বিনিয়োগ প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্প সমূহের বিপরীতে ২০২১-২২ অর্থ বছরে ১৬১৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তবে আগস্ট ২০২১ পর্যন্ত কোন অর্থছাড় বা ব্যয় হয়নি। সভায় প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ গত ০৮ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।

**৩.১ দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন ও কার্যক্রম সম্প্রসারণ ও জোরদারকরণে রাঙামাটির ঘাঘরায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যান কমপ্লেক্স নির্মাণ প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি এপ্রিল ২০১৭ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক হিসেবে অধিদপ্তরের একজন কর্মকর্তা দায়িত্ব পালন করছেন এবং প্রকল্পটি ডিপিএম সেল, সেনা কল্যান সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬১৬৯.০১ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে আগস্ট, ২০২১ পর্যন্ত কোন অর্থ ছাড় বা ব্যয় হয়নি। প্রকল্পটির আগস্ট, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫০০১.৯ লক্ষ টাকা (আর্থিক: ৮১.০৮% ও ভৌত: ৯৫%)। প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে শেষ করতে না পারায় ডিসেম্বর ২০২১ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। গত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়নি। প্রকল্প পরিচালক এ বিষয়ে জানান দেশব্যাপি লকডাউনের কারনে প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করা সম্ভব হয়নি। দ্রুত পরিদর্শন করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

৩.১.১ **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) দ্রুত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

খ. প্রকল্প কাজের গুণগতমান বজায় রেখে ডিসেম্বর, ২০২১ এর মধ্যে নির্মান কাজ সমাপ্ত করতে হবে;

গ. প্রকল্পের অডিট সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং

ঘ. প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রদান করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক, সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)**

**৩.২ নারায়নগঞ্জের বন্দর ও চট্রগ্রামের কালুরঘাটে মহিলা শ্রমজীবী হোস্টেল এবং ০৫ শয্যার চিকিৎসা কেন্দ্র সুবিধাসহ শ্রম কল্যান কেন্দ্র নির্মান প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি এপ্রিল ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক হিসেবে অধিদপ্তরের একজন কর্মকর্তা দায়িত্ব পালন করছেন এবং প্রকল্পটি ডিপিএম সেল, সেনা কল্যান সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১১৪০০.৪৪ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৪১৫.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে আগস্ট, ২০২১ পর্যন্ত কোন অর্থ ছাড় বা ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ০.০০%। প্রকল্পটির আগস্ট, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৮২৭৭.৬৯ লক্ষ টাকা (আর্থিক: ৮১.৯১%, ভৌত: ৮৭%)। সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশন হতে গত ১০/০৬/২০২১ তারিখ এবং মন্ত্রণালয় হতে ২০/০৬/২০২১ তারিখে অনুমোদন করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরে প্রকল্পটিতে বরাদ্দকৃত ১২৪২.৯২ লক্ষ টাকা অব্যয়িত অর্থ ফেরত প্রদান করা হয়। প্রকল্প পরিচালক জানান যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী শ্রমজীবী মহিলা হোস্টেলের সুবিধাভোগী নির্বাচন ও হোস্টেল ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে গত ১৪/০৮/২০২১ তারিখে পাওয়া গেছে। এ বিষয়ে পত্রিকা বিজ্ঞপ্তি প্রদান সহ অন্যান্য কার্যক্রম

দ্রুত গ্রহণ করা হবে। ডিসেম্বর ২০২১ এর মধ্যে প্রকল্প কাজ সমাপ্ত করতে ১৬৪৬.৮২ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**৩.২.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. দ্রুত প্রকল্প এলাকা সরজমিনে পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
খ. প্রকল্প কাজের গুণগতমান বজায় রেখে ডিসেম্বর, ২০২১ এর মধ্যে নির্মান কাজ সমাপ্ত করতে হবে;
গ. অতিরিক্ত বরাদ্দের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
ঘ. শ্রমজীবী মহিলা হোস্টেলের সুবিধাভোগী নির্বাচন বিষয়ে পত্রিকা বিজ্ঞপ্তি প্রদান সহ অন্যান্য কার্যক্রম দ্রুত গ্রহণ করতে হবে;
ঙ. প্রকল্পের অডিট সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং
চ. প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রদান করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক; সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)**

## ০৪. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ):

সভায় জানানো হয় যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ) এর ২০২১-২২ অর্থ বছরে ০৪ টি বিনিয়োগ প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্প সমূহের বিপরীতে ২০২১-২২ অর্থ বছরে ৭৭৩৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট ২০২১ পর্যন্ত ১১৮২.২৫ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। সভায় প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ গত ০৮ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।

### ৪.১ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট নির্মাণ শীর্ষক প্রকল্প:

সভায় জানানো হয় প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োজিত রয়েছেন এবং প্রকল্পটি ডিপিএম সেল, সেনা কল্যান সংস্থা কতৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৬৫২৮.৩৩ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। মেয়াদ বৃদ্ধির জন্য গত পিএসসি সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। প্রকল্পটির আগস্ট, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫৭৮৪.৫১ লক্ষ টাকা (আর্থিক: ৩৫% এবং ভৌত: ৫৫%)। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে প্রকল্প পরিচালক জানান মূলভবনের পাইল লোড টেস্ট প্রতিবেদন ৩০/০৬/২০২১ এর মধ্যে জমা দেয়ার কথা থাকলেও ডিপিএম সেল, সেনা কল্যান সংস্থা থেকে প্রতিবেদন পাওয়া যায়নি। প্রতিবেদন না পাওয়ার কারনে আরডিপিপি প্রণয়ন কাজ বিলম্বিত হচ্ছে। সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল) প্রতিনিধি সভায় জানান ৩০ সেপ্টেম্বর, ২০২১ এর মধ্যে সকল পাইল লোড টেস্ট প্রতিবেদন প্রদান করা হবে। প্রকল্পের মেয়াদ ৩০/০৬/২০২১ তারিখে মেয়াদ উত্তীর্ণ হয়েছে। বিধি মোতাবেক প্রকল্পটির আরডিপিপি প্রণয়নের পূর্বে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**৪.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) ৩০ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল) পাইল লোডটেস্ট রিপোর্ট প্রদান করবে;
খ) প্রকল্পের আরডিপিপি আগামী ১০ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং
গ) প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক; সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)**

### ৪.২ ডাইফ আধুনিকায়ন ও ১৩ টি জেলা কার্যালয় নির্মাণ প্রকল্প :

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োজিত রয়েছেন। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২২৯৪৩.৮৬ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ২৬৮৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.১৯%। প্রকল্পটির আগস্ট, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি

৫৮০.৮৩ লক্ষ টাকা (আর্থিক: ২.৫৩% এবং ভৌত: ৮.৭৫%)। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের মেয়াদবৃদ্ধিসহ সংশোধনী প্রস্তাব প্রেরণের কাজ চলমান রয়েছে। দ্রুত এটি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন বিষয়ে গত ২০ সেপ্টেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত পিএসসি সভায় বিস্তারিত আলোচনা করা হয়েছে। সে অনুযায়ি জমি অধিগ্রহণ ও ভবন নির্মান সংক্রান্ত জটিলতা নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়।

**৪.২.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:
ক) প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ সংশোধনী প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
খ) অধিগ্রহণ ও ভবন নির্মান সংক্রান্ত জটিলতা নিরসনে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক।**

**৪.৩ রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর কারেক্টিভ একশন প্লান (ক্যাপ) বাস্তবায়ন প্রকল্প:**
সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োজিত রয়েছেন ।প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৩০০.০০ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ৪১২.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে আগস্ট, ২০২১ পর্যন্ত ৪৪.১২ লক্ষ টাকা ব্যয় হয়েছে, প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ১০.৭০%। আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ব্যয় ১৭১০.৫৬ লক্ষ টাকা। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে প্রকল্প পরিচালক সভায় জানান মন্ত্রণালয় কর্তৃক গত ২২/০৬/২০২১ তারিখে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ডিসেম্বর, ২০২১ পর্যন্ত (০৬) মাস বৃদ্ধি করা হয়েছে। তিনি জানান প্রকল্পের মেয়াদ ও বরাদ্দ বিষয়ে কোন সমস্যা নেই। নির্ধারিত মেয়াদে প্রকল্পের কাজ সমাপ্ত করা যাবে। সভায় প্রকল্পের কাজে সন্তুষ্টি প্রকাশ করা হয়। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**৪.৩.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:
ক. প্রকল্প কাজ ডিসেম্বর ২০২১ এর মধ্যে সম্পন্ন করতে হবে;
খ. যথাসময়ে প্রকল্পের অডিট সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং
গ. প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে পিসিআর দাখিল করতে হবে।
**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক**

**৪.৪ নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার অবকাঠামোগত, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপণ প্রকল্প:**
সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৯ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে । প্রকল্প পরিচালক হিসেবে অধিদপ্তরের একজন কর্মকর্তা দায়িত্ব পালন করছেন। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৭১২.৫৭ লক্ষ টাকা । ২০২০-২১ অর্থ বছরে এডিপি-তে ১৬৩৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে আগস্ট, ২০২১ পর্যন্ত ২৫৫.০৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ১৫.৫৭%। প্রকল্পটির আগস্ট, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১৫২১.৮৯ লক্ষ টাকা। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অভহিত করেন যে, মন্ত্রণালয় কর্তৃক গত ২০/০৫/২০২১ তারিখ প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ জুন ২০২২ পর্যন্ত ০১ (এক) বছর বৃদ্ধি করা হয়েছে। তবে নির্ধারিত মেয়াদের পূর্বেই প্রকল্পের কাজ সমাপ্ত হবে। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়।

**৪.৪.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:
ক. প্রকল্পের বাস্তবায়ন কাজ যথাসময়ে সমাপ্ত করতে হবে;
খ. প্রকল্পের অডিট সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং
গ. প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে পিসিআর প্রদান করতে হবে।
**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক**

০৫। সুপারিশকৃত অননুমোদিত নতুন প্রকল্প:

সভায় জানানো হয় ২০২১-২২ অর্থ বছরে এডিপি তে সুপারিশকৃত অননুমোদিত নতুন ০৭ টি প্রকল্প রয়েছে। এর মধ্যে ০৩ টি শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত এবং ০৪ টি ডাইফ কর্তৃক প্রস্তাবিত । এছাড়া পিপিপির আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ০৩ টি প্রকল্প রয়েছে। প্রকল্পগুলো নিম্নরূপ:

শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত অননুমোদিত বিনিয়োগ প্রকল্প ০৩ টি :

১। শ্রম অধিদপ্তরের আওতাধীন টঙ্গী শ্রম কল্যাণ কেন্দ্রের পুননির্মাণ ও আধুনিকায়ন' শীর্ষক প্রকল্প:
প্রস্তাবিত প্রকল্পটির ডিপিপি'র উপর গত ০৪/০২/২০২১ খ্রি. তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রস্তাবিত প্রকল্পের ৩য় পক্ষের মাধ্যমে সম্ভাব্যতা যাচাই ও বাজার দর যাচাই কমিটির মাধ্যমে যাচাই করে আসবাবপত্র, অফিস সরঞ্জামসহ সকল ক্রয় ডিপিপিতে সংযোজনের সিদ্ধান্ত গৃহীত হয়। সেমতে বাজারদর যাচাই কমিটির চূড়ান্ত প্রতিবেদন পাওয়া গেছে। পূর্বে প্রাক্কলিত ব্যয় ছিল ৮১৪৮.৪৭ লক্ষ টাকা। যা পরবর্তীতে হ্রাস পেয়ে ৭৩১৪.৪৯ লক্ষ টাকা হয়েছে। পিইসি সভার সিদ্ধান্তমতে ৩য় পক্ষের মাধ্যমে সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন পাওয়া গিয়েছে। পুনর্গঠিত ডিপিপি গত ১৯/০৯/২০২১ তারিখে ৪০.০০.০০০০.০২৬.১৪.০৮৭.১৮.১৮ স্মারকমূলে মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

২। শ্রম অধিদপ্তরাধীন খুলনা ও বরিশালে ০২ (দুই) টি বহুতল আধুনিক শ্রম ভবন নির্মাণ প্রকল্প:
প্রস্তাবিত প্রকল্পটির স্থাপত্য নকশাঁ স্থাপত্য অধিদপ্তর হতে এবং গণপূর্ত অধিদপ্তর হতে প্রকল্পের ব্যয় প্রাক্কলন পাওয়া গিয়েছে। প্রকল্পটির ডিপিপি গত ১৯/০৯/২০২১ তারিখে ৪০.০০.০০০০.০২৬.১৪.০৮৭.১৮-১৯ স্মারকমূলে মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

৩। বঙ্গবন্ধু জাতীয় শ্রম উন্নয়ন ইনস্টিটিউট প্রকল্প: ডিপিপি পাওয়া যায়নি ।

**ডাইফ কর্তৃক প্রস্তাবিত অননুমোদিত বিনিয়োগ প্রকল্প ০৪ টি:**

১। লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম (LMIS) শীর্ষক প্রকল্প :
প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ এর পূর্বে প্রকল্পটির সমীক্ষা যাচাইয়ের জন্য পরামর্শক নিয়োগ করা প্রয়োজন। ডিপিপি প্রণয়নের সমীক্ষা যাচাইয়ের জন্য একজন পরামর্শক ০৩ মাসের জন্য নিয়োজনের অনুমোদন ২২/০৯/২০২১ তারিখে ৪০.০০.০০০০০.২৬.১৬.০০৩.২০-৯৭ স্মারক মূলে দেয়া হয়েছে। ডিপিপি প্রণয়ন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

২। ঝুঁকিপূর্ণ কারখানার দুর্ঘটনা হ্রাসকরণ প্রকল্প: ডিপিপি পাওয়া যায়নি ।

৩। কর্মক্ষেত্রে জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প: ডিপিপি পাওয়া যায়নি ।

৪। পেশাগত ব্যাধি প্রতিরোধ কর্মসূচি, চিকিৎসা ও ক্ষতিপূরণ শীর্ষক প্রকল্প: ডিপিপি পাওয়া যায়নি ।

**পিপিপি'র আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত অননুমোদিত প্রকল্প ০৩ টি:**

১। চৌমুহনী শ্রম কল্যাণ কেন্দ্রের পুনর্নির্মাণ ও আধুনিকীকরণ এবং ২০০ শয্যার পেশাগত রোগ চিকিৎসায় হাসপাতাল নির্মাণ" শীর্ষক প্রকল্প:

২। "ঘোড়াশাল শ্রম কল্যাণ কেন্দ্রের পুনর্নির্মাণ ও আধুনিকীকরণ এবং ২০০ শয্যার পেশাগত রোগ চিকিৎসায় হাসপাতাল নির্মাণ" শীর্ষক প্রকল্প :

৩। Development of Occupational Diseases Hospital, Labor Welfare Center and Commercial Complex at Chasara প্রকল্প: পিপিপি অথরিটির নির্দেশনা মতে আলোচ্য প্রকল্পের চুক্তি বাতিলের বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

প্রকল্প সমূহ বিষয়ে সভায় আলোচনা ও অগ্রগতি পর্যালোচনা করা হয়।

**৫.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে দ্রুত প্রকল্প সমূহের ডিপিপি প্রণয়ণ করে মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ করা হয়।

**বাস্তবায়ন:** মহাপরিচালক, শ্রম অধিদপ্তর ; মহাপরিদর্শক, ডাইফ

**০৬. অন্যান্য প্রকল্প ও প্রকল্প প্রস্তাব:** মন্ত্রণালয়ের আওতায় অন্যান্য প্রকল্প ও প্রকল্প প্রস্তাব বিষয়ে সভায় আলোচনা করা হয়

**৬.১ শ্রম অধিদপ্তরাধীন বিদ্যমান ৬টি জেলা কার্যালয় পুনঃনির্মাণ ও আধুনিকায়ন প্রকল্প:**

প্রকল্পটি এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রাক্কলিত ব্যয় মোট ৫১৫৮.৬৩ লক্ষ টাকা (১ম সংশোধিত) । প্রকল্পের আওতায় খুলনা ,নারায়নগঞ্জ, বাগেরহাট, চট্টগ্রাম, বগুড়া ও গাইবান্ধা মোট ০৬টি জেলায় শ্রম অধিদপ্তর কার্যালয় পুনঃনির্মান ও আধুনিকায়ন করা হয়। প্রকল্পটি জুন ২০২১ মাসে সমাপ্ত হলেও অদ্যাবধি প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। দ্রুত পিসিআর পেরণের জন্য অনুরোধ জানানো হয়। সভাপতি মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী প্রকল্পের আওতায় নির্মিত ০৬ টি জেলা কার্যালয় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়ন :** মহাপরিচালক, শ্রম অধিদপ্তর ও প্রকল্প পরিচালক

**৬.২ Gender Equality and women's Empowerment at work place প্রকল্প :**

ডাইফ কর্তৃক প্রকল্পটি জুলাই, ২০১৭ হতে ডিসেম্বর, ২০২০ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ছিল ৫৪৮.৪৪ লক্ষ টাকা (পিএ ৪৮৮.৪৪ জিওবি ৬০.৪৩) । প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) নির্ধারিত ছকে গত ০৬/০২/২০২১ তারিখে আইএমইডি-তে প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ২২/০২/২০২১ তারিখের আইএমইডি'র পত্রের প্রেক্ষিতে প্রতিবেদনটি পুনর্গঠন করার জন্য ডাইফ-কে অনুরোধ করা হয়। গত ০৬/০৬/২০২১ তারিখে ডাইফ পিসিআরটি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করে। গত ২৩/০৬/২০২১ তারিখ ৪০.০০.০০০০.০২৬.১৬.০০১.২০-১৫০ স্মারকমূলে প্রকল্পের পিসিআর আইএমইডি-তে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের সকল কার্যক্রম সফলভাবে সমাপ্ত হয়েছে। প্রকল্পটি সফলভাবে সমাপ্তির জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে প্রকল্পটি এ সভার কার্যতালিকা হতে বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন: পরিকল্পনা শাখা ।**

**৬.৩ Employment Injury Protection Scheme (EIPS) for the Workers in the Textile and Leather Industries প্রকল্প:**

কারিগরি সহায়তা প্রকল্পটি ডাইফের তত্ত্বাবধানে জিআইজেড কর্তৃক ০১/০৭/২০১৭-৩০/০৬/২০২০ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৫৮৯৮.৭৬ (পিএ) লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ নেই। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির হার ৯২.০০% । জিআইজেড এর অনুরোধে প্রকল্প মেয়াদ বৃদ্ধির বিষয়ে ০৮/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত ডিপিইসি সভায় প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিদ্ধান্ত মোতবেক প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন:** পরিকল্পনা শাখা, ফোকাল পার্সন (ডাইফ)

**৬.৪ Programmme for Sustainability in the Textile and Leather Sector (STILE)**

কারিগরি সহায়তা প্রকল্পটি জিআইজেড কর্তৃক ৮০ কোটি টাকা ব্যয়ে জুলাই ২০২০ থেকে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। এ প্রকল্পের উদ্দেশ্য হলো বাংলাদেশের বস্ত্র ও চামড়া শিল্পে সামাজিক ও পরিবেশগত মান উন্নয়নে কার্যক্রম পরিচালনা করা। প্রকল্পটি বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক যৌথভাবে বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে। প্রকল্প প্রস্তাবটি বিষয়ে গত ২১ সেপ্টেম্বর,২০২১ তারিখে বাণিজ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় জানানো হয় প্রস্তাবিত ৮০ কোটির টাকার ৮৮.৫০% অর্থাৎ ৭১.৫১ কোটি টাকা পরামর্শক সংশ্লিষ্ট খাতে প্রাক্কলন করা হয়েছে । সভায় এ খাতের প্রাক্কলন যৌক্তিকভাবে হ্রাসকরণ সহ মোট ১৫টি নির্দেশনা প্রদান করে সভার কার্যবিবরণী ২৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখে প্রেরণ করা হয়। সভায় প্রকল্প প্রস্তাবটির টিএপিপি পুনর্গঠন বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মহাপরিদর্শক, ডাইফ কে অনুরোধ জানানো হয়। ডাইফ কর্তৃক বাস্তবায়নের জন্য কার্যক্রম বাণিজ্য মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নের প্রস্তাব যথাযথ নয় মর্মে ইতোমধ্যে মতামত প্রদান করা হয়েছে।

**বাস্তবায়ন:** মহাপরিদর্শক, ডাইফ

### ৬.৫ শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ২৭টি প্রকল্প :

শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত নতুন ২৭ টি প্রকল্প প্রস্তাব সমন্বয়ে একটি সংকলন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সংকলনটিতে প্রকল্প গ্রহণে নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্যে পাওয়া যায়নি। ফলে কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি। প্রকল্প প্রস্তাবগুলো পূণরায় যাচাই বাছাই করে পুরণকৃত নির্ধারিত ছক সংযুক্ত করে প্রেরণ করার জন্য শ্রম অধিদপ্তরে প্রেরণ করা হয়। প্রকল্প প্রস্তাবগুলো যাচাই বাছাই করে নির্ধারিত ছক সংযুক্ত করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য শ্রম অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়ন:** মহাপরিচালক, শ্রম অধিদপ্তর

### ০৭. সাধারণ আলোচনা:

সভাপতি মহোদয় উন্নয়ন বাজেট প্রণয়ন ও যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সক্রিয় অংশগ্রহণের অনুরোধ জানান । তিনি বলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে আরোপিত দায়িত্ব পালনকল্পে এবং শ্রমজীবী মানুষের কল্যানে নতুন নতুন প্রকল্প গ্রহণ করতে হবে। সচিব মহোদয় সভায় বলেন নির্বাচনী ইশতেহার ২০১৮, এসডিজি , পঞ্চবার্ষিকী পরিকল্পনা, ভিশন ২০৪১ এর উদ্দেশ্যসমূহেকে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করতে হবে এবং প্রকল্প প্রস্তাবে এ সকল নীতিমালার সংশ্লিষ্টতা উল্লেখ করতে হবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে পরিকল্পনা ও উন্নয়ন শাখা সমূহের সক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন। এজন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করেন। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বলেন প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে সমাপ্ত করার প্রচেষ্ট গ্রহণ করতে হবে ।

প্রকল্পের মেয়াদবৃদ্ধি বা ডিপিপি সংশোধনের প্রয়োজন হলে বিধিমোতাবেক যথেষ্ট সময় পূর্বে প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। আইএমইডি প্রতিনিধি বলেন সঠিক কর্মপরিকল্পনা ও ক্রয়পরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের সচেষ্ট হতে হবে। তিনি প্রকল্প মনিটরিং বিষয়ক মাসিক প্রতিবেদন (আইএমইডি ফরম ০৫) এবং ত্রৈমাসিক প্রতিবেদন (আইএমইডি ফরম ০৩) প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরক্রমে মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করণের অনুরোধ জানান। অর্থ বিভাগের প্রতিনিধি জানান যে, মন্ত্রণালয়ের এমটিবিএফ এ সঠিক প্রক্ষেপণ না করার কারনে গৃহীত প্রকল্প সমূহের বিপরীতে যথাযথ বাজেট বরাদ্দ পাওয়া যায়না। তিনি মধ্যমেয়াদী বাজেট প্রণয়নে গুরুত্ব দেয়ার অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

### ৭. ১ সাধারণ সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনাক্রমে সাধারণভাবে অনুসরণের জন্য নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে আরোপিত দায়িত্ব পালনকল্পে এবং শ্রমজীবী মানুষের কল্যাণে নতুন নতুন প্রকল্প গ্রহণ করতে হবে;

খ. প্রকল্প গ্রহণের ক্ষেত্রে নির্বাচনী ইশতেহার ২০১৮, এসডিজি, পঞ্চবার্ষিকী পরিকল্পনা, ভিশন ২০৪১ এর উদ্দেশ্যসমূহকে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করতে হবে এবং প্রকল্প প্রস্তাবে এ সকল নীতিমালার সংশ্লিষ্টতা উল্লেখ করতে হবে;

গ. প্রকল্প মনিটরিং বিষয়ক মাসিক প্রতিবেদন (আইএমইডি ফরম ০৫) এবং ত্রৈমাসিক প্রতিবেদন (আইএমইডি ফরম ০৩) প্রকল্প পরিচালক/ ফোকাল পার্সন কর্তৃক স্বাক্ষরক্রমে মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইডি, সেক্টর-৫ এ প্রেরণ নিশ্চিত করতে হবে;

ঘ. প্রকল্পের মেয়াদবৃদ্ধি বা ডিপিপি সংশোধনের প্রয়োজন হলে বিধিমোতাবেক যথেষ্ট সময় পূর্বে প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। পরিকল্পনা কমিশনের নির্দেশনা মতে বছরে ০২ বার নতুন প্রকল্প অন্তর্ভুক্তির জন্য প্রেরণ করা যাবে।

ঙ. বিধিমোতাবেক প্রকল্পের কর্মপরিকল্পনা ও ক্রয়পরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের সচেষ্ট হতে হবে;

চ. মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট (এমটিবিএফ) প্রণয়ণে অধিকতর সচেতন থাকতে হবে;

ছ. প্রকল্পের যথাযথ বাস্তবায়নের স্বার্থে পিআইসি এবং পিএসসি কমিটি সমূহের সভা নিয়মিত আয়োজন করতে হবে;

জ. কাজের গুণগতমান বজায় রেখে প্রকল্প ভিত্তিক শতভাগ অর্থব্যয় নিশ্চিত করতে হবে;

ঝ. মেয়াদবৃদ্ধি ও ডিপিপি সংশোধনের প্রয়োজন হলে বিধিমোতাবেক সকল তথ্য ও আনুষাংঙ্গিক কার্যাদি সম্পন্ন করে পুর্ণাঙ্গ আরডিপিপি / প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

ঞ. সমাপ্ত প্রকল্পের ক্ষেত্রে যথাসময়ে পিসিআর প্রদান, অডিট সম্পন্নকরণ এবং আপত্তি থাকলে তা নিষ্পত্তি করতে হবে;

ট. প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন ও যন্ত্রপাতি বিষয়ে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঠ. প্রকল্পের অঙ্গভিত্তিক প্রাক্কলন যৌক্তিক হতে হবে। এক্ষেত্রে পিডব্লিউডির সর্বশেষ রেট শিডিউল অনুসরণ করতে হবে;

ড. প্রত্যেক প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প সংশ্লিষ্ট সকলের নিয়মিত প্রকল্প পরিদর্শন করা এবং প্রকল্প এলাকায়

সাইটবুক সংরক্ষণ করা যাতে পরিদর্শনকারী কর্মকর্তাগণ কাজের মান ও অন্যান্য বিষয়ে মতামত প্রদান করতে পারেন; ঢ. পরিকল্পনা শাখা সমূহের দক্ষতা বৃদ্ধিতে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। মন্ত্রণালয়ের অর্গানোগ্রামে ০৬ টি উন্নয়ন শাখায় প্রশাসনিক কর্মকর্তার পদ নেই। কাজের সুবিধার্থে উন্নয়ন শাখা সমুহে নিয়োজিত অফিস সহকারীদের নথি/ ই নথি উপস্থাপনের অনুমতি দেয়া যেতে পারে। সাথে সাথে শূণ্যপদসমূহ পুরণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

০৮। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/০৯/২০২৪

(বেগম মন্নুজান সুফিয়ান, এমপি)
প্রতিমন্ত্রী
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।